



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ০৮-০৫-২০২৩

যুক্তরাজ্যের HIS MAJESTY THE KING'S CORONATION PROCESSION উদ্‌যাপন উপলক্ষ্যে
বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সামরিক কন্টিনজেন্টের অনুষ্ঠানে অংশগ্রহণ শেষে দেশে প্রত্যাবর্তন

ঢাকা, ০৮ মে ২০২৩ঃ যুক্তরাজ্যের HIS MAJESTY THE KING'S CORONATION PROCESSION উদ্‌যাপন উপলক্ষ্যে যুক্তরাজ্য সরকারের আমন্ত্রণে অংশগ্রহণকারী বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীর সমন্বয়ে সশস্ত্র বাহিনীর দশ সদস্য বিশিষ্ট একটি সামরিক কন্টিনজেন্ট গত ২৭ এপ্রিল ২০২৩ তারিখে যুক্তরাজ্যে গমন করে।

গত ০৬ মে ২০২৩ তারিখ লন্ডন ওয়েস্টমিনস্টার অ্যাভে-তে এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে রাজা তৃতীয় চার্লসের আনুষ্ঠানিক রাজ্যাভিষেক হয়। বিশ্বের প্রায় ১০০টি রাষ্ট্র ও সরকার প্রধানসহ আনুমানিক ২২০০ জন আমন্ত্রিত অতিথি এই রাজ্যাভিষেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উক্ত অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এই ঐতিহাসিক মুহূর্তকে স্মরণীয় করতে যুক্তরাজ্যের সশস্ত্র বাহিনী ছাড়াও ৪০টি দেশের প্রায় ৪০০ জন সশস্ত্র বাহিনীর সদস্য এই কুচকাওয়াজে অংশগ্রহণ করেন।

বাংলাদেশ সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্নেল সাদাত মোহাম্মদ হাসান, পিএসসি এর নেতৃত্বে সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যদের সমন্বয়ে গঠিত বাংলাদেশ সশস্ত্র বাহিনীর একটি চৌকস কন্টিনজেন্ট এই রাজ্যাভিষেক অনুষ্ঠানের কুচকাওয়াজে অংশগ্রহণ করে।

অনুষ্ঠান সমাপনান্তে আজ সোমবার (০৮ মে ২০২৩) উক্ত কন্টিনজেন্টটি বাংলাদেশে প্রত্যাবর্তন করবে বলে আশা করা যাচ্ছে। এই অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ ও যুক্তরাজ্যের পারস্পরিক সম্পর্ক আরও সুদূরপ্রসারী ও সৌহার্দ্যময় হবে বলে সকলে আশাবাদী।

স্বাক্ষরিত/-

সাইদা তাপসী রাবেয়া লোপা

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৪